

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আবু ত্বালিব ও খাদীজা (রাঃ)-এর মৃত্যু (وفاة ابي طالب وخديجة) _ আবু ত্বালিবের মৃত্যু (وفاة ابي طالب) রজব ১০ম নববী বর্ষ)

১০ম নববী বর্ষের মুহাররম মাসে ঠিক তিন বছরের মাথায় বয়কট শেষ হওয়ার ৬ মাস পরে রজব মাসে আবু ত্বালিবের মৃত্যু হয়। মৃত্যুকালে আবু জাহল, আব্দুল্লাহ ইবনু আবী উমাইয়া প্রমুখ মুশরিক নেতৃবৃন্দ তাঁর শিয়রে বসে يَا عَمّ قُلْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ كَلِمَةً أَشْهَدُ ,ছিলেন। এ সময় রাসূলুল্লাহ (ছাঃ) মৃত্যুপথযাত্রী পরম শ্রদ্ধেয় চাচাকে বললেন, كُ بِهَا عِنْدُ اللهِ 'হে চাচাজী! আপনি 'লা ইলাহা ইল্লাল্লাহ' কালেমাটি পাঠ করুন, যাতে আমি তার কারণে আপনার জন্য আল্লাহর নিকটে সাক্ষ্য দান করতে পারি'। জবাবে আবু ত্বালিব বলেন, 'হে ভাতিজা! যদি আমার পরে তোমার বংশের উপর গালির ভয় না থাকত এবং কুরায়েশরা যদি এটা না ভাবত যে, আমি মৃত্যুর ভয়ে এটা বলেছি ও তোমাকে খুশী করার জন্য বলেছি, তাহ'লে আমি অবশ্যই ওটা বলতাম' (ইবনু হিশাম ১/৪১৮)। অতঃপর যখন মৃত্যু ঘনিয়ে এল, তখন আবু জাহল ও তার সহোদর বৈপিত্রেয় ভাই আবুল্লাহ ইবনু আবী উমাইয়া वातवात ठाँक উত্তেজিত করতে থাকেন এবং বলেন, إِنْمُطِّلِب؟ वोतवात ठाँक उँखिक कत्रा शाकिन कि वासून أَنَا عَلَى مِلَّةِ عَبْد , प्रुव्वालितित प्रियं ताका तिति हा कार्रा वांका क्षेत्र वांका क्षेत्र वांका मुख्यालितित प्रायं कार्य वांका क्षेत्र वांका मुख्यालितित प्रायं वांका क्षेत्र वांका मुख्यालितित प्रायं वांका क्षेत्र वांका कार्य वांका क्षेत्र वांका कार्य वांका कार्य वांका कार्य वांका कार्य वांका कार्य वांका कार्य वांका व الْمُطُّلِب 'আমি আব্দুল মুত্ত্বালিবের দ্বীনের উপরে' (আর-রাউযুল উনুফ ২/২২৩)। তখন রাসূলুল্লাহ (ছাঃ) বলে উঠলেন, ﴿ اللَّهُ عَنْهُ عَنْهُ ﴿ আমি আপনার জন্য আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করে যাব। যতক্ষণ না مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِيْنَ آمَنُواْ أَنْ يَّسْتَغْفِرُواْ لِلْمُشْرِكِيْنَ وَلَوْ -अभारक निरम कता रुग्र । करन आग्नां नारिन रुग्न নবী ও ঈমানদারগণের জন্য সিদ্ধ নয় যে, তারা ﴿ كَانُوْا أُوْلِيْ قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيْم ক্ষমা প্রার্থনা করুক মুশরিকদের জন্য। যদিও তারা নিকটাত্মীয় হয়, একথা স্পষ্ট হয়ে যাওয়ার পর যে তারা জাহান্নামের অধিবাসী' (তওবা ৯/১১৩)।

এরপর রাসূল (ছাঃ)-কে সাম্বনা দিয়ে আয়াত নাযিল হয়, وَهُوَ يَشْنَاءُ وَهُلَ اللهَ يَهْدِيْ مَنْ أَحْبَبْتَ وَلَكِنَّ اللهَ يَهْدِيْ مَنْ يَّشْنَاءُ وَهُو পার না যাকে তুমি ভালবাসো। বরং আল্লাহ যাকে ইচ্ছা হেদায়াত করে থাকেন। আর তিনি হেদায়াতপ্রাপ্তদের সম্পর্কে অধিক জ্ঞাত' (काছাছ ২৮/৫৬)।[1] উল্লেখ্য যে, সূরা তওবাহ মাদানী সূরা হ'লেও তার মধ্যে ১১১-১১৩ আয়াত তিনটি বায়'আতে কুবরা ও আবু তালিবের মৃত্যু প্রসঙ্গে মক্কায় নাযিল হয় (তাফসীর কুরতুবী, ইবনু কাছীর)।

এভাবে হেদায়াতের আলোকবর্তিকা স্বীয় ভাতিজাকে সবকিছুর বিনিময়ে আমৃত্যু আগলে রেখেও শেষ মুহূর্তে এসে পরকালীন সৌভাগ্যের পরশমণি হাতছাড়া হয়ে গেল। স্নেহসিক্ত ভাতিজার প্রাণভরা আকুতি ব্যর্থ হ'ল এবং শয়তানের প্রতিমূর্তি গোত্রনেতাদের প্ররোচনা জয়লাভ করল। পিতৃধর্মের বহুত্ববাদের প্রতি আনুগত্য প্রকাশ করেই তিনি দুনিয়া থেকে বিদায় হ'লেন। এ দৃশ্য যে রাসূল (ছাঃ)-এর জন্য কত বেদনাদায়ক ছিল, তা আখেরাতে বিশ্বাসী প্রকৃত মুমিনগণ উপলব্ধি করতে পারেন। কেননা যে চাচা দুনিয়াবী কারাগারের অবর্ণনীয় দুঃখ-দুর্দশা থেকে



সর্বদা ঢালের মত তাঁকে রক্ষা করেছেন এবং নিজে অমানুষিক কস্ট ও দুঃখ সহ্য করেছেন, সেই চাচা দুনিয়া থেকে বিদায় গ্রহণের পরে পুনরায় জাহান্নামের অগ্নিকুন্ডে নিক্ষিপ্ত হবেন, এটা তিনি কিভাবে ভাবতে পারেন? বলা বাহুল্য এভাবেই সর্বদা তারুদীর বিজয়ী হয়ে থাকে।

একদিন চাচাতো ভাই আব্দুল্লাহ বিন আববাস (রাঃ) রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকটে আখেরাতে আবু তালিবের অবস্থা সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, 'জাহান্নামবাসীদের মধ্যে সবচেয়ে হালকা আযাবপ্রাপ্ত হবেন আবু ত্বালিব। তিনি আগুনের দু'টি জুতা পরিহিত হবেন, যাতে তাঁর মাথার মগয গলে টগবগ করে ফুটবে'।[2] প্রিয় চাচা আববাস (রাঃ) একদিন রাসূলুল্লাহ (ছাঃ)-কে জিজ্ঞেস করলেন, আবু তালেব আপনাকে যেভাবে হেফাযত ও সহযোগিতা করেছেন, তার বিনিময়ে আপনি কি তাঁকে কোন উপকার করতে পারবেন? জবাবে রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, হ্যাঁ। আমি তাকে জাহান্নামের গভীরে দেখতে পেলাম। অতঃপর তাকে (আল্লাহর হুকুমে) সেখান থেকে বের করে টাখনু পর্যন্ত উঠিয়ে আনলাম وَلَوْ لاَ أَنَا لَكَانَ فِي الدَّرُكِ الأَسْفَلِ مِنَ النَّارِا للْسُفَلِ مِنَ النَّارِا وَلَا اللَّهُ وَلَا لاَ الْكَانَ فِي الدَّرُكِ الأَسْفَلِ مِنَ النَّارِا وَلَا اللهُ وَلَا لاَ الْكَانَ فِي الدَّرُكِ الأَسْفَلِ مِنَ النَّارِا المَّاسِمُ وَلَوْ لاَ أَنَا لَكَانَ فِي الدَّرُكِ الأَسْفَلِ مِنَ النَّارِا المَّاسِمُ وَلَا اللهُ وَلَوْ لاَ أَنَا لَكَانَ فِي الدَّرُكِ الأَسْفَلِ مِنَ النَّالِمُ وَلَا اللهُ وَلَا اللهُ وَالْمَالِمُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا اللهُ وَلَا لاَلهُ وَلَا اللهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ اللهُ وَلَا لاَلهُ وَلَا لَاللهُ وَلَا لَا لَاللهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لَا لَالْمَالِ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لاَلهُ وَلَا لَاللهُ وَلَا لَا لَاللهُ وَلَا لاَلهُ وَلَا لَا لاَللّهُ وَلَا لاَللهُ وَلَا لاَلْهُ وَلَا لَا لللهُ وَلَا لاَللهُ وَلَا لَا لَاللّهُ وَلَا لَاللهُ وَلَا لَا لللهُ وَلَا لَا لَاللهُ وَلَا لَا لللهُ وَلَا لَا لللهُ وَلَا لَا لَاللّهُ وَلَا لَا لللهُ وَلَا لَا لللهُ وَلَا لَا لَا لَاللهُ وَلَا لَا لللهُ وَلَا لَا للللهُ وَلَا لَا للللهُ وَلَا لَا لللهُ وَلَا لَا لللهُ

অতএব আবু তালিবের এই হালকা আযাব তার আমলের কারণে নয়, বরং তা হবে রাসূল (ছাঃ)-এর বিশেষ সুফারিশের কারণে। আর সেটা হবে রাসূল (ছাঃ)-এর বিশেষত্বের অন্তর্ভুক্ত ও তার উচ্চ মর্যাদার কারণে, যা আল্লাহ তাঁকে দান করেছেন। কেননা আবু ত্বালিব শিরকের উপর মৃত্যুবরণ করেছিলেন। আর আল্লাহ বলেন, إِنَّ السَّاءُ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَّشَاءُ اللهَ لاَ يَغْفِرُ أَنْ يُّشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ نَشَاءُ الشَّافِعِيْنَ त्यां कान, তার সব পাপ ক্ষমা করেত পারেন' (নিসা ৪/৪৮, ১১৬)। তিনি বলেন, المَا المَ

ফুটনোট

- [1]. বুখারী হা/১৩৬০, ৩৮৮৪, ৪৭৭২; মুসলিম হা/২৪ প্রভৃতি।
- [2]. মুসলিম হা/২১২; মিশকাত হা/৫৬৬৮ 'জাহান্নাম ও তার অধিবাসীদের বিবরণ' অনুচ্ছেদ (মিশকাতে 'বুখারী' লেখা হয়েছে। কিন্তু বুখারীতে আবু ত্বালিব-এর কথা পাওয়া যায়নি)।
- [3]. মুসলিম হা/২১০, 'ঈমান' অধ্যায় 'আবু তালিবের জন্য রাসূল (ছাঃ)-এর সুফারিশ ও সেকারণে তার শাস্তি লঘু করণ' অনুচ্ছেদ-৯০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5281

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন